

প্রাপ্ত
www.zppabna.gov.bd
Digital Website 3
09/08/26

জেলা পরিষদ কার্যালয়
পাবনা
www.zppabna.gov.bd

এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

জেলা পরিষদ পাবনার রাজস্ব তহবিলের আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে পাবনা জেলার স্থায়ী নাগরিক (আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থী) যারা ২০২৫ সালে এসএসসি/এইচএসসি/ডিগ্রী/অনার্স/সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে তাদেরকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে জেলা পরিষদ, পাবনা এর নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

শর্তাবলী:

- আবেদনকারীকে অবশ্যই পাবনা জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান থেকে কৃতিত্বের সাথে উত্তীর্ণ শিক্ষার্থী হতে হবে।
- আবেদনকারী ছাত্র/ছাত্রীকে ২০২৫ সালে অনুষ্ঠিত এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় জিপিএ-৫ এবং ডিগ্রী/অনার্স সমমানের পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হতে হবে। ২০২৫ সালের পূর্বে বা পরে যারা উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তাদের আবেদন বিবেচনা করা হবে না।
- আবেদনপত্রের সাথে মূল মার্কশিটের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সুপারিশ ও প্রত্যয়নপত্র, ইউনিয়ন পরিষদ, পৌরসভা কর্তৃক নাগরিকত্ব সনদের মূলকপি এবং সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন কর্তৃক আর্থিক অসচ্ছলতার প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে। আবেদনপত্র স্ব-হস্তে পূরণ করতে হবে। আবেদনকারী কর্তৃক কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে শিক্ষাবৃত্তি বাতিলসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- আবেদনপত্রের নমুনা ফরম জেলা পরিষদ, পাবনা এর www.zppabna.gov.bd ওয়েবসাইট অথবা অফিসকক্ষ থেকে সংগ্রহ করা যাবে।
- কর্তৃপক্ষ উল্লিখিত শর্তসহ যে কোন শর্ত সংযোজন/সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- প্রয়োজনে বৃত্তির বিষয়ে যাবতীয় তথ্যাবলী জেলা পরিষদ, পাবনা অফিস হতে জানা যাবে।
- আবেদনপত্র আগামী ০৩/০৫/২০২৬ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে। প্রাপ্ত আবেদনগুলো শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/রেজিস্ট্রার/অধ্যক্ষ/সুপার এর মাধ্যমে জেলা পরিষদ কার্যালয়, পাবনা আগামী ০৭/০৫/২০২৬ তারিখের মধ্যে অবশ্যই পৌছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। তবে পাবনা জেলার বাইরে অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে এই শর্ত শিথিলযোগ্য।
- নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- বৃত্তি প্রদানের ক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

০২/৪/২৬

(মাহফুজা সুলতানা)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, পাবনা

ফোন : ০২৫৮৮৮৪৫৮৫৯

E-mail: ceozppabna@gmail.com

স্মারক নং-৪৬.০০.৭৬০০.০০২.১১.০০২.২৪.১১১(১০০)

তারিখঃ ১৯ চৈত্র ১৪৩২
০২ এপ্রিল ২০২৬

অনুলিপি- প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- উপাচার্য, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা
- অধ্যক্ষ.....
- উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা (বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের অনুরোধসহ)
- জেলা শিক্ষা অফিসার, পাবনা (বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের অনুরোধসহ)
- সম্পাদক, দৈনিক স্বদেশ প্রতিদিন, রানা শপিং কমপ্লেক্স, তয় তলা, রুম নং ০৯, প্রেস ক্লাব রোড, পাবনা (বিজ্ঞপ্তিটি তাঁর বহুল প্রচারিত পত্রিকায় আগামী ০৩ এপ্রিল ২০২৬ তারিখ ৩ কলামে ৬ ইঞ্চি=১৮ ইঞ্চি কলাম পরিসরে একদিন ছাপানোর জন্য অনুরোধ করা হলো)
- সম্পাদক, দৈনিক ইছামতি আব্দুল হামিদ রোড, পাবনা (বিজ্ঞপ্তিটি তাঁর বহুল প্রচারিত পত্রিকায় আগামী ০৩ এপ্রিল ২০২৬ তারিখ ৩ কলামে ৬ ইঞ্চি=১৮ ইঞ্চি কলাম পরিসরে একদিন ছাপানোর জন্য অনুরোধ করা হলো)

০২/৪/২৬

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, পাবনা

জেলা পরিষদ কার্যালয়
পাবনা

www.zppabna.gov.bd

এককালীন শিক্ষা বৃত্তির আবেদন পত্র (২০২৬)
(শুধুমাত্র অস্বচ্ছল মেধাবী ছাত্র/ছাত্রীদের জন্য)

পাসপোর্ট সাইজের
ছবি

পিতার নাম :

- ৩। মাতার নাম :
- ৪। স্থায়ী ঠিকানা : গ্রাম/মহল্লা..... ইউনিয়ন/পৌরসভা.....
উপজেলা/থানা..... জেলা.....
- ৫। জন্ম তারিখ : জন্ম নিবন্ধন সনদ নং : সড়ক.....
- ৬। বর্তমান যোগাযোগের ঠিকানা (Postal Address) : গ্রাম/মহল্লা..... সড়ক.....
ডাকঘর..... উপজেলা..... জেলা..... মোবাইল নং.....
- ৭। অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
- ৮। অধ্যয়নের বিষয় : বর্ষ শ্রেণীর ক্রমিক নং
- ৯। ছাত্র-ছাত্রীর আবাসিক হলের ঠিকানা :

১০। শিক্ষাগত যোগ্যতার বিবরণ :

পরীক্ষার নাম	উত্তীর্ণ বছর	প্রাপ্ত জিপিএ	মোট প্রাপ্ত নম্বর	বোর্ড/বিশ্ববিদ্যালয়	মতব্য

১১। ছাত্র-ছাত্রীর অন্যান্য ভাই-বোন শিক্ষার্থী হলে তার বিবরণ :

ক্রমিক নং	ভাই-বোনের নাম	অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম	শ্রেণী	জেলা পরিষদে বৃত্তির জন্য আবেদন করেছেন কি না

১২। ছাত্র/ছাত্রীর অন্যান্য ভাই/বোন চাকুরীজীবী ব্যবসায়ী হলে তার বিবরণ :

১৩। নিজ জেলার নাম : ১৪। পিতা/অভিভাবকের পেশার বিবরণ :

১৫। আবেদনকারী অন্য কোন প্রতিষ্ঠান থেকে বৃত্তি পেয়ে থাকলে তার বিবরণঃ.....

১৬। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ (ক্রমিক নং ১০, ১৫ যাচাই পূর্বক আবেদন পত্রের ১টি ফটোকপি শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করার জন্য
অনুরোধ করা হলো) :

আবেদনকারীর স্বাক্ষর.....

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/কর্তৃপক্ষের স্বাক্ষর
ও সার্বক্ষণিক যোগাযোগ করতে
মোবাইল নং